দৈনিক সংবাদ

তারিখ ... 15 AUG 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

95

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আবার শিবিরের হামলা ।। আহত ৩০

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৪ই আগস্ট।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ইসলামী ছাত্রশিবির ও তাদের সশস্ত্র 'সিরাজুস সালেহীন' বাহিনীর সদস্যরা পুনরায় হামলা চালিয়েছে। হামলাকালে প্রতিপক্ষের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে কমপক্ষে ৩০ জন আহত হয়েছে। আহত ৯ জনকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষকালে ৫শ' রাউণ্ডের বেশী গুলী বর্ষিত হয়।

শিবিরের সন্ত্রাসের প্রতিবাদে সাধারণ ছাত্র পরিষদ আগামীকাল বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট ডেকেছে। ক্যাম্পাস ও হলগুলো এখনো ছাত্রশিবিরের দখলে।

আজ ভোর সাড়ে ছয়টায় পুনরায় ক্যাম্পাসে গোলাগুলি শুরু হয়। একটানা এই গোলাগুলি চলে। প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানায়, বিভিন্ন হল থেকে শিবিরকর্মীরা গুলীবর্ষণ করতে থাকে। এ সময় তাদের প্রতিপক্ষরা পাল্টা হামলা চালায়।

প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানায়, শিবিরকর্মীরা বিভিন্ন হলে গিয়ে এলোপাতাড়ি গুলী চালাতে থাকে। এ সময় শহর থেকে ক্যাম্পাসগামী ছাত্রছাত্রীরা ভয়ে পালাতে থাকে। শিবিরকর্মীরা ছাত্রদল নেতা শামীম ইব্রাহীমসহ আরো কয়েকজনকে অপহরণ করে নিয়ে শাহ আমানত হলে আটকে রাখে।

চট্টগ্রাম : পৃঃ ১২ কঃ ৩

## চট্টগ্রাম : শিবিরের হামলা

( ১ম পাতার পর )

এ খবর ছড়িয়ে পড়ার পর ফতেয়াবাদ রেল স্টেশনে বিশ্ববিদ্যালয়গামী ছাত্রছাত্রীরা ক্ষুব্ধ হয়ে পড়ে। তারা ট্রেনের বিভিন্ন বগি থেকে ৪ জন শিবিরকর্মীকে সনাক্ত করে এবং তাদের বেদম প্রহার করে। ছাত্ররা ১ নং গেটের কাছে এসে অবরোধ করে। পুলিশ তাদের স্ব-স্ব অবস্থানে ঘটনায় দর্শক হিসেবে ছিল।

বেলা ১০টা নাগাদ শিবিরকর্মীরা ক্যাম্পাসের ফটকে তালা ঝুলিয়ে দেয় এবং ভেতরে অবস্থানরত সাধারণ ছাত্রদের মারধর করে।